

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

প্রেস বিজ্ঞপ্তি

অবৈধ জালের ব্যবহার বন্ধে ১৫দিনের অভিযানে সাত কোটি মিটার কারেন্ট জাল জব্দ, ১০ লাখ টাকা জরিমানা এবং ৬১জনের জেল।

ঢাকা: ২৯ জানুয়ারি, ২০২০

জাটকাসহ অন্যান্য সামুদ্রিক প্রজাতির মাছের ডিম, লার্ভা ও পোনা রক্ষায় মৎস্যসম্পদ ধ্বংসকারী বেহন্দি জাল এবং অন্যান্য অবৈধ জাল নির্মূলে পরিচালিত সম্মিলিত বিশেষ অভিযানে ১৫দিনে ২২৬৭টি বেহন্দি জাল, সাত কোটি ১৬ লাখ মিটার কারেন্ট জাল, অন্যান্য ২০৬৭টি অবৈধ জাল এবং ৯৫০২টি মাছ ধরার নৌকা ও অন্যান্য সরঞ্জামাদি আটক করা হয়। পাশাপাশি এসব অভিযানে ১০ লাখ টাকা জরিমানা এবং ৬১জনকে বিভিন্ন মেয়াদে জেল প্রদান করা হয়। এছাড়াও ১৭,০০০ (১৭ মে. টন) কেজি জাটকা এবং ২৩০০ কেজি অন্যান্য মাছ জব্দ করা হয়। জব্দকৃত জাল পুড়িয়ে বিনষ্ট এবং জব্দকৃত মাছ স্থানীয় এতিমখানায় বিতরণ করা হয়।

১ম ধাপে ০৭ জানুয়ারি হতে ১৩ জানুয়ারি পর্যন্ত ০৭ দিন এবং ২য় ধাপে ২১ জানুয়ারি হতে ২৮ জানুয়ারি পর্যন্ত ০৮দিনসহ মোট ১৫ (পনের) দিন উপকূলীয় ১৩টি জেলা ভোলা, পটুয়াখালী, নোয়াখালী, চাঁদপুর, কক্সবাজার, চট্টগ্রাম, বরিশাল, খুলনা, বরগুনা, বাগেরহাট, সাতক্ষীরা, মুন্সীগঞ্জ এবং পিরোজপুরে ৩৮৭টি মোবাইল কোর্টের মাধ্যমে ১৫৫৪টি বিশেষ অভিযান পরিচালিত হয়। এসব অভিযানে জেলা ও উপজেলা প্রশাসন, নৌপুলিশ এবং কোস্টগার্ডসহ মৎস্য বিভাগের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

মো.কামরুল ইসলাম ভূইয়া

তথ্য অফিসার

মোবাইল: ০১৬৭২-৮৯ ৭৭ ৮৯